

## এক ক্লিকেই মিলবে লেখক-প্রকাশক-বইয়ের তথ্য

| বাংলানিউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ২০১৭-০৮-২১ ১:১৯:২৭ পিএম



পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম এর উদ্বোধনী অনুষ্ঠান।

**ঢাকা:** দেশে প্রথমবারের মতো উদ্বোধন করা হলো লেখক, প্রকাশক ও সৃজনশীল বইয়ের তথ্য সম্বলিত তিনটি ওয়েবসাইট। যার নাম দেওয়া হয়েছে ‘পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম’।

সম্প্রতি রাজধানীর এক হোটেলে এই প্ল্যাটফর্ম উদ্বোধন করা হয়। তিনটি ওয়েবসাইট হলো-সৃজনশীল প্রকাশকদের তথ্য নিয়ে [publishers.com.bd](http://publishers.com.bd), সৃজনশীল লেখকদের জন্য [authors.com.bd](http://authors.com.bd) এবং সৃজনশীল বইয়ের তথ্য নিয়ে [books.com.bd](http://books.com.bd)।

এ তিনটি ওয়েবসাইটের ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে থাকছে প্রকাশনা সংস্থা সময় প্রকাশনের সময় নেট এবং যুক্তরাষ্ট্র ভিত্তিক ইন্টারনেট প্রতিষ্ঠান আলফা নেট।

উদ্যোক্তারা জানান, বিশ্বের যে কোনো স্থান থেকে এক ক্লিকে এই তিনটি ওয়েবসাইটে জানা যাবে বাংলাদেশের প্রকাশক-লেখক-বইয়ের সব ধরনের তথ্য।

আরো থাকছে দেশের দেড় শতাধিক সৃজনশীল প্রকাশক, দুই হাজার লেখক এবং ২৫ হাজার সৃজনশীল বইয়ের

বিবরণ, লেখকের প্রোফাইল, প্রকাশনা প্রতিষ্ঠানের প্রোফাইল এবং প্রকাশিত বইয়ের তালিকার সঙ্গে বইয়ের প্রচ্ছদ ও পরিচিতি।

উদ্বোধন অনুষ্ঠানে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ইতিহাসবিদ অধ্যাপক মুনতাসীর মামুন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, গণমাধ্যম ব্যক্তিত্ব মুহাম্মদ জাহাঙ্গীর, প্রচ্ছদশিল্পী ধুব্ব এষ, লেখক মোস্তফা কামাল, মোস্তফা মামুন, হাসান হাফিজ, সুমন্ত আসলাম, শিশু সাহিত্যিক আমীরুল ইসলাম, অনুপম প্রকাশনীর মিলন কান্তি নাথ, কাকলি প্রকাশনীর এ কে নাছির আহমেদ সেলিম, অ্যাডর্ন পাবলিকেশনসের সৈয়দ জাকির হোসাইন, অনন্যার মনিরুল হক, অন্বেষার শাহাদত হোসেন, নালন্দার রেদোয়ান জুয়েল, কথাপ্রকাশের জসিম উদ্দিন, পার্লের হাসান জায়েদী প্রমুখ।

অনুষ্ঠানে পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের সার্বিক তথ্য তুলে ধরেন সময় প্রকাশনের প্রধান নির্বাহী ফরিদ আহমেদ ও আলফা নেটের প্রধান কর্মকর্তা আবু সুফিয়ান হায়দার ইমন।

বাংলাদেশ সময়: ১৩১০ ঘণ্টা, আগস্ট ২১, ২০১৭  
জেড.এম/

ফোন: +৮৮০ ২ ৮৪৩ ২১৮১, +৮৮০ ২ ৮৪৩ ২১৮২ আই.পি. ফোন: +৮৮০ ৯৬১ ২১২ ৩১৩১ নিউজ রুম মোবাইল: +৮৮০ ১৭২ ৯০৭  
৬৯৯৬, +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৯ ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪৩ ২৩৪৬

ইমেইল: [news24.banglanews@gmail.com](mailto:news24.banglanews@gmail.com) (<mailto:news24.banglanews@gmail.com>), [news.bn24@gmail.com](mailto:news.bn24@gmail.com)

(<mailto:news.bn24@gmail.com>), [banglanews.digital@gmail.com](mailto:banglanews.digital@gmail.com) (<mailto:banglanews.digital@gmail.com>) এডিটর-ইন-চিফ ইমেইল:  
[editor.banglanews@gmail.com](mailto:editor.banglanews@gmail.com) (<mailto:editor.banglanews@gmail.com>)

বাংলানিউজটোয়েন্টিফোর.কম (<http://www.banglanews24.com>) | এডিটর-ইন-চিফ: আলমগীর হোসেন

কপিরাইট © 2017-09-08 18:20:01 | একটি ইউল্লিউএমজিএল প্রতিষ্ঠান